# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 23 April, 2025

নির্বাচনী আচরণবিধি পরিবীক্ষণ কার্যক্রম নিয়ে বৈঠকে বসতে যাচ্ছে নির্বাচন কমিশনের (ইসি) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচন প্রস্তুতি বিষয়ক কমিটি।বৈঠকে নির্বাচনী আচরণ বিধি পরিবীক্ষণ কার্যক্রম সংক্রান্ত এবং বিবিধ বিষয়ে আলোচনা করা হবে।

বুধবার (২৩ এপ্রিল) নির্বাচন কমিশনার মো. আনোয়ারুল ইসলামের পক্ষে একান্ত সচিব মো. সাইফুল ইসলাম সভার নোটিশ জারি করেন।

ইসি জানায়, বৃহস্পতিবার (২৪ এপ্রিল) বিকেল ৩টায় 'সীমানা পুনর্নির্ধারণ, রাজনৈতিক দলের নিবন্ধন, জাতীয় এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচন প্রস্তুতি, ভোটকেন্দ্র স্থাপন, ভোটগ্রহণকারী কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত ও তদারকি এবং উপকারভোগী পর্যায়ে আলোচনা বিষয়ক কমিটি' বৈঠকে বসবে।বৈঠকে সভাপতিত্ব করবেন নির্বাচন কমিশনার ও কমিটির সভাপতি আনোয়ারুল ইসলাম সরকার।সভায় সংশ্লিষ্ট সব কর্মকর্তাদের উপস্থিত থাকতে বলা হয়েছে।

নির্বাচনী ইসি স্থানীয় সরকার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:41

URL: https://timestodaybd.com/public/national/1315775807